## বিনাশ কাল

-দেবপ্রীয় দেব

আকাশের রঙটা কেমন জানি বদলে যাচ্ছে,
আধারের হাত দিনে দিনে হচ্ছে চওড়া;
চারিদিকে আজ শুধু মৃত্যুর আবাহন-
রক্তচোষা হায়েনা দলের জিহ্বায় নীল জল।
ধর্মের নামে ভাঁড়ামি চলছে,
চলছে কত অকারন মুন্ডপাত-
মনুষ্যত্বের খোলস খোলে,
মানুষই হয়ে যাচ্চে আজ রাক্ষস।
মানুষ নাকি আজ শিক্ষিক্ষ,
এ আবার কেমনতর শিক্ষা?
যাদের কাছে প্রাণের নাই যদি কোনো মূল্য,
যাদের কাছে মানবিকতার নাই কোনো স্থান।
প্রেম, ভালবাসা কেবনই দুটো শব্দ,
বাস্তবে নাই কোনো তার অস্তিত্ব।
বিবেককে আজ বন্ধক রেখেছে
গুপ্ত গুহায় বন্দী রেখেছে তার হৃদয়।
ধুপের গন্ধ দুর্গন্ধ লাগে,
বারুদের গন্ধে হৃদয় মাতে-
জলের নদী শুকিয়ে দিয়ে আজ
রক্তের নদীতে সাঁতার কাটে।
এরাই আবার মানুষ বলে গর্ব করে ! ছিঃ